



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৩ সেপ্টেম্বর ২০২২

বাউবি'র প্রো-উপাচার্য ড. মাহবুবা নাসরীনের এইচএসসি পরীক্ষা-২০২২ পরিদর্শন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন আজ ২৩ সেপ্টেম্বর ২০২২ শুক্রবার বরিশালের অমৃত লাল দে মহাবিদ্যালয়, সৈয়দ হাতেম আলী সরকারি কলেজ ও বানারী পাড়া ডিগ্রি কলেজ কেন্দ্রে বাউবি'র ওপেন স্কুল পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২২ এর প্রথম দিনে বাংলা ১ম ও ২য় পত্র পরীক্ষা পরিদর্শন করেন। এসময় বরিশাল আঞ্চলিক কেন্দ্রের পরিচালক ড. মো: আজিজুল হক সাথে ছিলেন। এবারের পরীক্ষায় প্রথম ও দ্বিতীয় বর্ষে সর্বমোট ৮৮ হাজার ২ শত ৩৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।

এর আগে তিনি সকালে বাউবি'র বরিশাল আঞ্চলিক কেন্দ্রে এমবিএ বাংলা মাধ্যম প্রোগ্রামের ওরিয়েন্টেশনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)